

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫১৬

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ প্রতিবেশীকে তার দেয়ালে কাঠ পুঁততে নিষেধ করার ব্যাপারে ধমকী

ذَكَرُ الزَّجْرِ عَنْ مَنْعِ الْمَرْءِ جَارَهُ أَنْ يَضَعَ الْخَشَبَةَ عَلَى حَائِطِهِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحُسَيْنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رُمْحٍ قَالَ: حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا يَمْنَعَنَّ أَحَدُكُمْ جَارَهُ أَنْ يَغْرِزَ خَشَبَةً عَلَى جِدَارِهِ) قَالَ ابْنُ رُمْحٍ: سَمِعْتُ اللَّيْثَ يَقُولُ: هَذَا أَوَّلُ مَا لِمَالِكٍ عِنْدَنَا وَآخِرُهُ.

الراوي : أبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 516 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫১৬. আবু হুরাইরা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমাদের কেউ অবশ্যই যেন তার প্রতিবেশীকে তার দেয়ালে কাঠ পুঁততে বারণ না করে।”[1]

ইবনু রুমহ বলেন, আমি লাইসকে বলতে শুনেছি, তিনি বলেছেন: “আমাদের নিকট ইমাম মালিকের এটিই প্রথম ও শেষ হাদীস।”

قَالَ أَبُو حَاتِمٍ: فِي قَوْلِ اللَّيْثِ: (هَذَا أَوَّلُ مَا لِمَالِكٍ عِنْدَنَا وَآخِرُهُ) دَلِيلٌ عَلَى أَنَّ الْخَبَرَ الَّذِي رَوَاهُ قُرَادٌ عَنِ اللَّيْثِ عَنْ مَالِكٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ قِصَّةُ الْمَمَالِكِ خَبَرٌ بَاطِلٌ لَا أَصْلَ لَهُ.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “লাইস রহিমাহুল্লাহর বক্তব্য “আমাদের নিকট ইমাম মালিকের এটিই প্রথম ও শেষ হাদীস।” –এটি প্রমাণ করে যে, লাইস থেকে কুরাদ যে হাদীসটি মালিক, উরওয়া, ‘আয়িশা সূত্রে দাসদের যে ঘটনা বর্ণনা করেছেন, তা বাতিল, এর কোন ভিত্তি নেই।”

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৬/১৫৭; আবু নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ৩/৩৭৮; মুয়াত্তা ইমাম মালিক: ২/৭৪৫; মুসনাদ আহমাদ: ৪/৪৬৩; সহীহ আল বুখারী: ২৪৬৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ২১৭৪; ইমাইদী: ১০৭৬; সহীহ মুসলিম: ১৬০৯; আবু দাউদ: ৩৬৩৪; তিরমিযী: ১৩৫৩; ইবনু মাজাহ: ২৩৩৫; তাবারানী, আল কাবীর: ১৯/১০৮৭।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১৪৩০।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=88980>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন